

পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ অষ্টম অধ্যায় - অযৌক্তিকতা ও অশালীনতা রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৮. ১. ১৮. বাইবেলের কিছু বিস্ময়কর বিধান / ৮. ১. ১৮. ১. হারাম ও হালাল প্রাণির মৃতদেহ স্পর্শ করার বিবিধ বিধান

বাইবেলের বিধানে হারাম প্রাণি স্পর্শ করাও পাপ এবং এতে মানুষ নাপাক হয়ে যায়। হাত দিয়ে স্পর্শ করার কারণে কাপড় চোপড় ধুতে হবে এবং ধোয়ার পরেও সন্ধ্যা পর্যন্ত নাপাক থাকবে। "এগুলোর মাংস তোমাদের জন্য হারাম এবং তাদের মৃতদেহও ছোঁবে না। এগুলো তোমাদের পক্ষে নাপাক। কতগুলো পাখীও আছে যেগুলো ঘূণার জিনিস বলে তোমাদের ধরে নিতে হবে, আর সেজন্য সেগুলো তোমাদের খাওয়া চলবে না। সেগুলো হল ঈগল, শকুন, কাল শকুন। এগুলো দিয়ে তোমরা নাপাক হবে। যে কেউ তাদের মৃতদেহ ছোঁবে সে সন্ধ্যা পর্যন্ত নাপাক অবস্থায় থাকবে। যদি কেউ তাদের কোন একটার মৃতদেহ হাত দিয়ে তোলে তবে তাকে তার কাপড়-চোপড় ধুয়ে ফেলতে হবে। আর সে সন্ধ্যা পর্যন্ত নাপাক অবস্থায় থাকবে। যে সব পশুর খুর চেরা হলেও পুরোপুরি দুই ভাগে ভাগ করা নয় কিংবা যে সব পশু জাবর কাটে না সেগুলো তোমাদের পক্ষে নাপাক। যে এগুলো ছোঁবে সে নাপাক। ... যে তাদের মৃতদেহ ছোঁবে সে সন্ধ্যা পর্যন্ত নাপাক অবস্থায় থাকবে। যে কেউ তাদের মৃতদেহ হাত দিয়ে তুলবে তাকে তার কাপড় চোপড় ধুয়ে ফেলতে হবে আর সে সন্ধ্যা পর্যন্ত নাপাক থাকবে। ... তোমাদের হালাল কোন পশু মরে গেলে যে তার মৃতদেহ ছোঁবে সে সন্ধ্যা পর্যন্ত নাপাক থাকবে। কেউ যদি সেই মরা পশুর মাংস খায় তবে তাকে তার কাপড় চোপড় ধুয়ে ফেলতে হবে সে সন্ধ্যা পর্যন্ত নাপাক অবস্থায় থাকবে। (লেবীয় ১/৮-৪০)

Source — https://www.hadithbd.com/books/link/?id=14467

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন